

শর্তাবলী

- বাংলা ১৪৩১সনের ১ বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০ চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।
- দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/শে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর এর অনুকূলে জমা দিতে হবে। উহার অনাধ্যায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপ্ত্যায়ে অব্যবহৃত অর্থ জমাকারীর বরাবর প্রত্যাপণ করা হবে।
- ৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় জমাকৃত ৩০% জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
- ৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পূরণীয় দরপত্র আত্মন করা হবে।
- ৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।
- ৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ সরতে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্জ প্রদর্শনের ব্যবস্থা করিবে।
- ৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক শীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
- ৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিদর্শিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে।
- ১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
- ১১। ০২(দুই) বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। ইজারাদারকে নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
- ১৩। ইজারাদারকে নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করতে হবে।
- ১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটা-কাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
- ১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
- ১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।
- ১৮। কোন হাটের বিপরীতে ০১(এক)টি দরপত্র দাখিল হলে দাখিলকৃত দর সরকারি ইজারামূল্যের চেয়ে বেশি হলে তা চূড়ান্ত মর্মে গৃহীত হবে।
- ১৯। সরকারি হাট-বাজার ইজারা সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে, তা সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা, ২০১১ এর আলোকে সমাধান করা হবে।
- ২০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

22/01/23

(নয়ন কুমার রাজবংশী)
উপজেলা নির্বাহী অফিসার
শার্শা, যশোর।

ফোনঃ ০২৪৭৭-৭৬৭৯৯

ই-মেইলঃ unosharsha@mopa.gov.bd

নাম্ব ১৪৩০

স্মারক সংখ্যা-০৫.৪৪.৪১৯০.০০১.২২.০০৬.২০২৪-৭১

তারিখ:

২২ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৮৫-যশোর -১(শার্শা), যশোর।
- ২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৫। মহাপরিচালক, সিপিটিইউ ডবন, আইএমইডি ডিভিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২০৭ (বিজ্ঞপ্তি সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
- ৭। জেলা প্রশাসক, যশোর।
- ৮। পুলিশ সুপার, যশোর।
- ৯। উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।
- ১০। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব), যশোর।
- ১১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শার্শা/বিকরণগাছা/সদর/বাঘরপাড়া/অভয়নগর/মনিরামপুর/কেশবপুর/চৌগাছা, যশোর।
- ১২। উপজেলা নির্বাহী অফিসার, বিকরণগাছা/সদর/বাঘরপাড়া/অভয়নগর/মনিরামপুর/কেশবপুর/চৌগাছা, যশোর।
- ১৩। প্রশাসক, বেনাপোল পৌরসভা, শার্শা, যশোর।
- ১৪। সহকারী কমিশনার (ভূমি), শার্শা, যশোর। (বিষয়টি ইউনিয়ন ভূমি সহকারীর মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ১৫। অফিসার ইন-চার্জ, শার্শা থানা /বেনাপোল পোর্ট থানা, শার্শা, যশোর।

চলমান পাতা-৩